## গোঘাটে পিএইচইতে স্বজনপোষণ

# প্রতিবাদে পার্টি অফিসে তালা ঝুলিয়ে তৃণমূল ছাড়ল একাধিক কর্মী

**নিজস্ব প্রতিবেদন, আরামবাগ:** পিএইচইতে নিয়োগের ক্ষেত্রে স্বজনপোষণের অভিযোগ তুলে নাক কান মোলা খেয়ে তৃণমূল পার্টি অফিসের তালা ঝোলালেন দলীয় কর্মীরাই। এমনকী আর এই দল করবেন না বলেও জানিয়ে দিলেন তারা। তবে অন্য কোনও দল করবেন না বলে জানান তারা। বসেই থাকবেন। পার্টি অফিসে আর যাবেন না। যে পার্টি অফিস ছিল তাদের কাছে মায়ের মত। তাদের হুমকি যতক্ষণ না পর্যন্ত অঞ্চল সভাপতি, ব্লক সভাপতিদের পদ থেকে সরানো হচ্ছে ততক্ষন পর্যন্ত এই গ্রামের কেউই আর এই দলে থাকবেন না। নাক, কান মোলা খেয়ে পার্টি অফিসে তালা দিয়ে দিলেন খোদ এলাকার দাপুটে তৃণমূল নেত্রী তথা প্রাক্তন প্রধান ও বর্তমান পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ। ঘটনায় দলের অন্দরেই ব্যাপক ক্ষোভ দেখা দিয়েছে। বিষয়টি নিয়ে হৈ চৈ শুরু হয়েছে এলাকায়। ঘটনা গোঘাটের নকুন্ডা এলাকার। পিএইচইর জল প্রকল্পে নিয়োগকে কেন্দ্র করে দলের প্রধান, ব্লক সভাপতি, পঞ্চায়েত সমিতির সভাপতির স্বজনপোষণের অভিযোগ তুলে তৃণমূল পার্টি অফিসের



তালা ঝুলিয়ে দিলেন দলের কর্মীরাই। তৃণমূলের বুথ সভাপতিও পার্টি অফিসে তালা ঝুলিয়ে দিলেন। গোঘাটের নকুন্ডা গ্রাম পঞ্চায়েতের কুলিয়ার ঘটনা। কর্মাধ্যক্ষ শ্যামলী ঘোষ বলেন, সেই ১৯৯৮ সাল থেকে দল করছি শুধু আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ভালোবেসে। অভিষেক বন্দ্যোপাধ্যায়কে স্যালুট দিচ্ছি। আপনাদের যে আদর্শ সেই আদর্শকে অপমান করে দলের প্রধান, ব্লক সভাপতি, অঞ্চল সভাপতি সকলে স্বজনপোষণ করছেন। তারা বুথে বুথে আসেন না। শুধু সুবিধা ভোগ করছেন। ওনারা বলছেন, আগে আমরা খাই। তারপর ছিঁটে ফোঁটা যা পড়ে থাকবে সেই গুলো গ্রামের লোকগুলোকে নিয়ে এসে কুড়িয়ে কুড়িয়ে খাবি। এরা আবার কেউ প্রধান। কেউ দলের পদাধিকারী নেতা। এরা দলটাকে শেষ করে দিল। এদের না তাড়ালে দল ভবিষ্যতেও এই গোঘাটে হারবে। তাই অনেক দুঃখে, রাগে, ক্ষোভে, প্রতিবাদে নাক কান মোলা খেয়ে দল ছাড়লাম। পার্টি অফিসে তালা লাগিয়ে বন্ধ করলাম। ওদের শাস্তি না হওয়া পর্যন্ত আর দলে ফিরব না। অপর দিকে বুথ সভাপতি সুভাস বারুই, নকুন্ডা গ্রাম পঞ্চায়েত সদস্য শিব প্রসাদ রায় সহ একাধিক জন শ্যামলী ঘোষের সঙ্গেই সহমত পোষণ করে দল ছেড়ে দিলেন।

অন্যদিকে অভিযুক্ত প্রধান বাবলু সাঁতরা বলেন, স্বজনপোষণের কোনও কিছু নেই। কর্মাধ্যক্ষ শ্যামলী ঘোষ ঠিক কথা বলছেন না। যা করা হয়েছে সব আইন মোতাবেকই করা হয়েছে। কোনও দুর্নীতি হয়নি। আবার অঞ্চল সভাপতি শশাংক ধঁক বলেন, ওনারাই ঘোঁট পাকাচ্ছেন। সব কিছুই ঠিকঠাকই হয়েছে। কেউ যদি মিথ্যা দোষ দেয় তার জন্য কি আমরা দায়ী? উনি মিথ্যা বলেছেন।

## আগুনে পুড়ে মৃত্যু

**নিজস্ব প্রতিবেদন, দেগঙ্গা:** রান্না করতে গিয়ে আগুনে পুড়ে মৃত্যু হল এক গৃহবধূর। ঘটনাটি ঘটেছে দেগঙ্গার দক্ষিণ মাটিকুমরা গ্রামে। পুলিশ সূত্রে জানা গেছে, মৃতের নাম আনিসা পারভিন (১৭)। ন'দিন ধরে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ার পর বুধবার বিকেলে আরজি কর হাসপাতালে মৃত্যু হয়েছে আনিসার। আনিসার বাপের বাড়ি শাসন থানার সোনাটিকারি গ্রামে। মাস চারেক আগে দেগঙ্গার মাটি তোমরা গ্রামের এক যুবকের সঙেগ তার বিয়ে হয়। গত ৩ তারিখ শনিবার দুপুরে রান্নাঘরের রান্না করছিল আনিসা। সে সময় আচমকা তার কাপড়ে আগুন ধরে যায়। প্রতিবেশী কেবির মোল্লা বলে,ন পাশেই আমি খুঁটি পোতার কাজ করছিলাম। আচমকা গৃহবধূর চিৎকার শুনতে পাই। গিয়ে দেখি দাউ দাউ করে জ্বলছে ওই গৃহবধূ। প্রতিবেশীরা তাকে উদ্ধার করে ওই দিনে বারাসাত হাসপাতালে ভর্তি করে। অবস্থার অবনতি হয় পরদিন কলকাতার আরজি কর হাসপাতালের বার্ন ইউনিটে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসা চলছিল তার। ন'দিন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ার পর বুধবার বিকেলে সেখানে মৃত্যু হয় তার।


**ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank**
**ইলাহাবাদ ALLAHABAD**

**পানাগড় ক্যান্টনমেন্ট শাখার জন্য শাখা/অফিস প্রেমিসেস লিজ নেওয়ার জন্য নোটিশ আহ্বায়ক টেন্ডার**

**ইন্ডিয়ান ব্যাঙ্ক,** একটি পাবলিক সেক্টর ব্যাঙ্ক, **পানাগড় ক্যান্টনমেন্ট শাখা, গ্রাম + পঞ্চায়েত + থানা - কাঁকসা, সাব-ডিভিসন - দুর্গাপুর, জেলা- পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ** -তে শাখা স্থাপনের জন্য লিজ ভিত্তিতে (প্রস্তুত / নির্মীয়মাণ প্রেমিসেস) অফার করতে ইচ্ছুক **১৫০০ বর্গফুট কার্পেট এলাকা পরিমাপের প্রধান সড়কের উপর গ্রাউন্ড ফ্লোরে** ব্যবসাযোগ্য এলাকায় যেখানে ভাল দৃশ্যমানতা এবং পার্কিং স্পেস রয়েছে ১৫ বছরের লিজ মেয়াদের জন্য অফিস প্রেমিসেসের মালিকদের কাছ থেকে ২ বিড সিস্টেমের (প্রযুক্তিগত ও আর্থিক) অধীনে অফারগুলিকে আমন্ত্রণ জানাচ্ছে।
**২৩.১২.২০২৪ থেকে ০২.০১.২০২৫ পর্যন্ত ২৫০/- টাকা** (অফেরতযোগ্য) ডিডি/আইওআই মাধ্যমে **ইন্ডিয়ান ব্যাঙ্কের** অনুকূলে পেমেন্ট করে নিম্নলিখিত ঠিকানা থেকে ফর্মগুলি পাওয়া যাবে। বিড জমা দেওয়ার শেষ তারিখ ০২.০১.২০২৫।
**ব্যাঙ্ক কোনও কারণ দর্শানো ছাড়াই যে কোনও বা সমস্ত অফার প্রত্যাখ্যান করার অধিকার সংরক্ষণ করে।**

**দ্য জোনাল ম্যানেজার, ইন্ডিয়ান ব্যাঙ্ক**
**জোনাল অফিস আসানসোল, প্রেমিসেস ডিপার্টমেন্ট,**
**উদরেজ ভবন, ৩য় তল, ৮, জি.টি. রোড (পশ্চিম), আসানসোল - ৭১৩৩০৪, পঃবঃ**

**বিস্তারিত আমাদের ওয়েবসাইট www.indianbank.in থেকে পাওয়া যাবে**



**পাবলিক নোটিশ**

সার্কুলার নং 42.2 of DoR.FIN.REC.No.45/03.10.119/2023-24
তারিখ ১৯ অক্টোবর, ২০২৩ (১০ নভেম্বর, ২০২৩ তারিখে আপডেট করা হয়েছে) মাস্টার নির্দেশাবলী- ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (নন-ব্যাঙ্কিং আর্থিক সংস্থা - স্কেল ভিত্তিক নিয়ন্ত্রণ) নির্দেশিকা, ২০২৩ অনুযায়ী

**গঙ্গা প্রপার্টিজ প্রাইভেট লিমিটেড**
CIN : U70200WB1932PTC007344
CoR No.B.05.02756 তারিখ ১৩.০৬.২০২২
রেজি. অফিস ৯/১, আর.এন. মুখার্জি রোড, কলকাতা - ৭০০ ০০১
টেলিফোন : ০৩৩ ৪০৮২ ৩৭০০ / ২২২০ ০৬০০, ই-মেইল gangapropertiesmca@gmail.com

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হল যে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (আরবিআই) উল্লেখ্য পত্র নং KOL.DOR.DOR.No S2090/01.01.005/2024-2025 তারিখ ২৭ নভেম্বর, ২০২৪ মাধ্যমে কোম্পানিকে গঙ্গা প্রপার্টিজ প্রাইভেট লিমিটেড অনুমোদন দিয়েছে একজন নতুন ডিরেক্টর নিয়োগের জন্য যেমন শ্রী সৌরভ ঘোষ, ৫এ, ফ্ল্যাট ৪এ, ৫৪/১০, ডি সি দে রোড, ট্যাংরা, কলকাতা - ৭০০০১৫ ২১২, ক্যানাল স্ট্রিট, বিল্ডিং নং. ১৩, ফ্ল্যাট নং ১/ডি, কলকাতা - ৭০০ ০৪৮, পেশা কোম্পানি ডিরেক্টর, কোম্পানির বোর্ডে সমস্ত শর্ত মেনে চলা সাপেক্ষে উপরের সার্কুলারে উল্লিখিত এবং অন্যান্য সমস্ত প্রাসঙ্গিক আইন/বিধির সাথে সম্মতিক্রমে। উল্লিখিত একজন নতুন পরিচালককে অন্তর্ভুক্ত করার মাধ্যমে কোম্পানির বোর্ডের গঠন ৩০ শতাংশের বেশি পরিবর্তিত হবে না এবং পরিবর্তনের পরে বোর্ডের নতুন গঠনে (১) শ্রী এন কে আগরওয়ালা এবং (২) শ্রী সৌরভ ঘোষ এবং (৩) শ্রী এ কে দেশানি। পরিবর্তনের মূল উদ্দেশ্য হল কোম্পানির ক্রমবর্ধমান ক্রিয়াকলাপগুলির প্রয়োজনীয়তা পূরণের জন্য বোর্ডকে শক্তিশালী এবং বিস্তৃত করা। কোম্পানির সদস্যদের শেয়ারহোল্ডিং এবং ব্যবস্থাপনায় কোন পরিবর্তন হবে না।
যে কোন ব্যক্তি, যার স্বার্থ উপরোক্ত পরিবর্তনের দ্বারা প্রভাবিত হওয়ার সম্ভাবনা রয়েছে তারা উল্লিখিত ঠিকানায় কোম্পানির পরিচালনা পর্ষদের কাছে এবং আরবিআই, প্রবিধান বিভাগ, ৬ষ্ঠ তলা, ১৫, এন.এস. রোড, কলকাতা - ৭০০ ০০১ এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৩০ দিনের মধ্যে আগ্রহের প্রকৃতি এবং আপত্তির কারণ উল্লেখ করে নোটিশ পাঠাতে পারেন।
এই পাবলিক বিজ্ঞপ্তি কোম্পানির পরিচালনা পর্ষদ দ্বারা জারি করা হয়েছে

**গঙ্গা প্রপার্টিজ প্রাইভেট লিমিটেড'**-এর পক্ষে
(এন কে আগরওয়ালা)
ডিরেক্টর
ডিন : ০০৩০৩০৫৩

**স্থান : কলকাতা**
**তারিখ : ১১.১২.২০২৪**


# উত্তরপাড়া-মাখলার মাঝে রেললাইনের পাশে ফেন্সিংয়ে অসুবিধা, ক্ষুব্ধ এলাকাবাসী

**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** পূর্ব রেলের হাওড়া ডিভিশনে উত্তরপাড়া স্টেশনের উত্তর দিকে মাখলা ও উত্তরপাড়া কাঁঠালবাগান বাজারের মাঝখান দিয়ে রেললাইন গিয়েছে সেই রেল লাইনের কাঁঠাল বাগানের দিকে রেললাইন পারাপারের জায়গা রেলের পক্ষ থেকে বুধবার বিকেলে ফেন্সিং দিয়ে ঘেরা হয়েছে নিরাপত্তার স্বার্থে যার ফলে সাধারণ মানুষ জন দুই পাড়ের বাসিন্দাদের রেললাইন পারাপার করা খুব সমস্যা হয়ে গিয়েছে। অর্থাৎ এলাকার বাসিন্দাদের রেললাইন পার করে যাওয়া আসা বন্ধ হয়ে গিয়েছে। এর ফলে এলাকার বাসিন্দারা তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন।



তাঁদের বক্তব্য, 'আমরা কী ভাবে রেললাইন পার করে উত্তরপাড়ায় যাব বা উত্তরপাড়া থেকে মাখলার দিকে আসব আমাদের যাওয়া আসা বন্ধ হয়ে গেল। আমরা খুব সমস্যায় পড়ে গেলাম কারণ পাশে যে রেলওয়ে কালভার্ট আছে সেই কালভার্টের তলা দিয়ে সব সময় যাওয়া-আসা করা যায় না। সারাদিনের বেশিরভাগ সময় জলে ডুবে থাকে রেলের পক্ষ থেকে পাম্প মেশিন চালিয়ে সবসময় জল বার করা হয় না। ছাত্রছাত্রীরা জলের মধ্যে দিয়ে তো আর যেতে পারে না আর সাধারণ মানুষের ওইভাবে যাওয়া সম্ভব না। তাই তারা রেললাইন পার হয়ে দোকান বাজার ঔষধপত্র কিনতে ইস্কুলে বা ব্যাংকে যাওয়া আসা করতেন এখন সেটাও বন্ধ হয়ে গিয়েছে।'

রেলের এটা বোঝা উচিত ছিল জানালেন বেশ কিছু বাসিন্দা। তারা ক্ষোভে খুঁজছেন ওই এলাকার গৃহবধূ বর্ণালী হাজরা চৌধুরী বললেন, 'আমাদের খুব সমস্যা হয়ে গেল রেলওয়ে কালভার্ট জলে ডুবে থাকে, আমরা সেই জন্য রেললাইন পার হয়ে দোকান বাজার ও ওষুধপত্র কিনতে যাই। এখন রেল ফেন্সিং দিয়ে দিয়েছে অর্থাৎ ব্লক করে দিয়েছে। কী ভাবে এখন আমরা যাওয়া আসা করব রেলের এটা বোঝা উচিত ছিল পাশাপাশি বিকল্প ব্যবস্থা করা আগে উচিত ছিল অবিলম্বে আমাদের সাবওয়ে বা ফুট ব্রিজ করে দিতে হবে রেলের কাছে এটা আমাদের আবেদন আমরা কি তা হলে ঘরে বসে থাকব সমস্যা সমাধান কী ভাবে হবে রেল এটা বলে দিক।'

মাখলার ওই এলাকার প্রবীণ ব্যক্তি দেবাশিস চৌধুরী বললেন, 'রেল নিরাপত্তা স্বার্থে এটা করেছে সেটা ঠিক আছে কিন্তু সাধারণ মানুষ রেলে কালভার্ট জলে ডুবে থাকে কী ভাবে তাঁরা রেল লাইনের তলা দিয়ে যাবে সেই জন্য তো রেললাইন পার হয়ে যেতে হয় সেটাও রেল ব্লক করে দিল ফেন্সিং দিয়ে আমাদের দাবি পাশাপাশি আগে সাধারণ মানুষের কথা ভেবে সাবওয়ে বা ফুট ব্রিজ করে দেওয়া দরকার তারপর এটা করলে ভালো হত আমরা রেলকে আগেও জানিয়েছি কিন্তু তারা কর্ণপাত করেনি সাধারণ মানুষের এই সমস্যা। কী করে ইস্কুল দোকান বাজার করতে যাবে তারা আমাকেও যেতে হয় এইভাবে। আমরা রেলকে আবার বলব দ্রুত সমস্যার সমাধান করতে।'

এলাকার কাউন্সিলর অর্ণব রায় জানালেন, 'হঠাৎ করে রেল ওই জায়গাটা ব্লক করে দিল সাধারণ মানুষ কী ভাবে রেললাইন পার হবে? তাছাড়া রেলওয়ে কনভার্ট জলে ডুবে থাকে রেলের কর্মীরা ঠিকমতো আসেন না জল তুলতে। রবিবারেও কেউ জল তুলতে আসেন না ডুবে থাকে রেলওয়ে কালভার্ট সেজন্য সবাই রেল লাইন পার করে আগে বিকল্প ব্যবস্থা ভাবা উচিত ছিল অবিলম্বে সাবওয়ে ও ফুট ব্রিজ করার দাবি জানাচ্ছি রেলের কাছে।'


**ধরমপুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড**
রেজি. নং -২৯০(এন), তাং -২১.০৯.১৯২১
গ্রাম-ধরমপুর,পো-ঈশ্বরচন্দ্রপুর,ব্লক–তেহট্ট-২নং,থানা--পলাশীপাড়া,জেলা--নদিয়া,

**-:খসড়া নির্বাচক তালিকা (Draft Electoral Roll) সংক্রান্ত বিজ্ঞপ্তি:-**

এতদ্বারা **ধরমপুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লি:** এর সমস্ত সদস্য,সদস্যাদের জানানো যাচ্ছে যে সমিতির আসন্ন পরিচালক মন্ডলী নির্বাচনের জন্য অত্র বিজ্ঞপ্তির সঙ্গে খসড়া নির্বাচক তালিকা(জীবিত ও মৃত সদস্য/সদস্যাদের নিয়ে তৈরি )অদ্য ইংরেজি **১২-১২-২০২৪ তারিখে** সংযোজিত হয়ে প্রকাশিত হলো **(সমিতির নোটিশ বোর্ডে)** যা অত্র বিজ্ঞপ্তির অংশ হিসাবে পরিগনিত হবে। উক্ত নির্বাচক তালিকা সংক্রান্ত কোন সংযোজন, সংশোধন কিংবা বিয়োজন বিষয়ে কোনও সদস্য/সদস্যার কোনও বক্তব্য থাকলে তা লিখিতভাবে আগামী ইং **১৮- ১২-২০২৪** ও ইং **১৯-১২-২০২৪** তারিখে সমিতির অফিসে সকাল ১১ টা থেকে বিকাল ৩ টার মধ্যে জমা দিতে পারবেন। উক্ত বক্তব্যের উপর আগামী ইং **২৩-১২-২০২৪** তারিখে সকাল ১১ টা থেকে বিকাল ৩ টার মধ্যে অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার দ্বারা সমিতির কার্যালয়ে শুনানি হবে। উক্ত শুনানির সময় আবেদনকারীকে তার বক্তব্যের সপক্ষে লিখিত/ মুদ্রিত প্রমানাদি দাখিল করতে হবে।শুনানি শেষে চূড়ান্ত নির্বাচক তালিকা(Final Electoral Roll) আগামী ইং ২৭-১২-২০২৪ তারিখে প্রকাশিত হবে এবং উক্ত তালিকা সমিতির নোটিশ বোর্ডে টাঙানো হবে।
**বিদ্র: অনিবার্য কারণবশতঃ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের তারিখ পরিবর্তন হতে পারে।**

পঙ্কজ কুমার রায়
অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার
ধরমপুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লি:



**SBI এসবিআই বেলেঘাটা শাখা (০১৭৯৮)**
২৫, বেলেঘাটা মেইন রোড
কলকাতা-৭০০০১০, ই-মেল: sbi.01798@sbi.co.in

**সোনার অলঙ্কার নিলাম বিজ্ঞপ্তি**

**শ্রী বিধান রায়,** যিনি **এসবিআই বেলেঘাটা মেইন শাখা** থেকে সোনার অলঙ্কার বন্ধক রেখে সোনার ঋণ নিয়েছিলেন, তিনি সময়সূচী অনুযায়ী শোধ করতে ব্যর্থ হয়েছেন। যাদের সম্পত্তি নোটিশ/বিজ্ঞপ্তিতে সাড়া দেয়নি বা এই পরিস্থিতিতে নোটিশটি অবিলম্বে ফেরত দেওয়া হয়েছে, তাই উপযুক্ত কর্তৃপক্ষের দ্বারা সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে যদি সোনার ঋণ(গুলি) **(১৬.১২.২০২৪) দুপুর ১টার** আগে ঋণ পরিশোধ করা না হয়, নিলামের দিন, অর্থাৎ **(১৬.১২.২০২৪)** বন্ধক রাখা অলঙ্কারগুলি পরবর্তী বিজ্ঞপ্তি ছাড়াই শাখা প্রেমিসেসে/গোল্ড হাব-এ উল্লিখিত সময় এবং তারিখে প্রকাশ্যে নিলাম করা হবে। এই সংযোগে ব্যয় হওয়া সমস্ত খরচ ঋণগ্রহীতাদের দ্বারা বহন করা হবে। ব্যাঙ্ক যে কোন সময় নিলাম স্থগিত/প্রত্যাহার করার এবং মাঝখানে নিলাম বন্ধ করার অধিকার সংরক্ষণ করে। সফল দরদাতা সম্পূর্ণ পরিমাণ অর্থ প্রদান করে অলঙ্কার দখল পেতে পারেন।

**ঋণগ্রহীতা : শ্রী বিধান রায়**

| ক্র. নং. | নিলামের তারিখ | নিলামের প্রস্তাবিত সময় | বিশুদ্ধতা (ক্যারট) | সোনার অলঙ্কারের ওজন (গ্রামে) | আইটেম সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১. | ১৬.১২.২০২৪ | বিকেল ০৩.০০টা থেকে বিকেল ০৪.০০টা | ২২ সি | গ্রস ওজন ১৮.৬৭০ নিট ওজন ১৭.১৭০ | ১টি চেন লকেট সহ, ৩টি হাতের আংটি |
| ২. | ১৬.১২.২০২৪ | বিকেল ০৩.০০টা থেকে বিকেল ০৪.০০টা | ২২ সি | গ্রস ওজন ১৫.৪৩০ নিট ওজন ১৪.১০০ | ১টি নেকলেস ২টি কানের দুল (পাথর) |
| ৩. | ১৬.১২.২০২৪ | বিকেল ০৩.০০টা থেকে বিকেল ০৪.০০টা | ২০ সি | গ্রস ওজন ১০.৮৫০ নিট ওজন ৯.৭৬০ | ১টি চেন |
| ৪. | ১৬.১২.২০২৪ | বিকেল ০৩.০০টা থেকে বিকেল ০৪.০০টা | ১৮ সি | গ্রস ওজন ৪.৫৫০ নিট ওজন ৪.০০০ | ১টি হাতের আংটি ২টি কানের দুল (পাথর) |

**তারিখ: ১৩.১২.২০২৪** অনুমোদিত অফিসার
**স্থান: বেলেঘাটা** স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া



**SBI এসবিআই মেদিনীপুর শাখা (০০১৩২)**
পোঃঅঃ- মেদিনীপুর, জেলা পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, পিন-৭২১১০১
ই-মেল: sbi.00132@sbi.co.in

**গাড়ি বিক্রয় বিজ্ঞপ্তি**

**অনুমোদিত অফিসারের বিশদ: নাম : শ্রী দুষ্মন্ত মান্না, মোঃ- ৮০০১১৯৪৭৮১, ই-মেল: sbi.00132@sbi.co.in**

সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষত ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদার(গণ) -কে নোটিশ দেওয়া হচ্ছে যে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কাছে নীচে বর্ণিত দখলীকৃত গাড়িটি **"যেমন কোথায় আছে, যেমন আছে, যা আছে এবং অবলম্বন ছাড়াই"** ভিত্তিতে বিক্রি করা হবে, যদি থাকে তবে দায়বদ্ধতা সহ, **২১.১২.২০২৪** তারিখে।

| ক্র. নং | ঋণগ্রহীতা এবং অ্যাকাউন্টের বিশদ | গাড়ির বিবরণ |
|---|---|---|
| ১. | **ঋণগ্রহীতার নাম : অশ্বিনী কুমার খাঁ** লোন অ্যাকাউন্ট নং ৪২৫১৬১৮৬৪৬৪; ২৯.১১.২০২৪ অনুযায়ী বকেয়া ৯,৩১,৩৩৪/- টাকা সহ সুদ, খরচ এবং অন্যান্য চার্জ (সম্পত্তি আইডি - SBIN42516186464 ) | **কিয়া সোনেট জি১.২ ৫এমটি এইচটিকে প্লাস; রেজিস্ট্রেশন নং** WB 34 CE 4302; **রং : পরিষ্কার সাদা :** ODO-6900 KM (প্রায়); **মাস : নির্মাণের বছর :** ১১/২০২৩ **সংরক্ষিত মূল্য :** ৮,৫৫,৯১০/- টাকা **বায়না জমা (ইএমডি):** ৮৫,৫৯১/- টাকা **বর্ধিত মূল্য:** ৫,০০০/- টাকা |

১) ইচ্ছুক দরদাতাদের অংশগ্রহণের আগে যানবাহন(গুলি) পরিদর্শন করা উচিত এবং বর্ণনা, গুণমান এবং অন্যান্য বিবরণ সম্পর্কে নিজেকে সন্তুষ্ট করা উচিত কারণ সফল বিডিংয়ের পরে কোনো ধরনের অভিযোগ গ্রহণ করা হবে না। ২) অনুগ্রহ করে মনে রাখবেন যে ডেলিভারির পর এক মাসের মধ্যে তার নিজের খরচে গাড়িটি তার (পুং/স্ত্রী) নিজের নামে স্থানান্তর করা ক্রেতার দায়িত্ব। প্রযোজ্য কর এবং জিএসটি সরকারি নিয়মাবলী অনুযায়ী প্রযোজ্য হবে এবং তা ক্রেতাকে বহন করতে হবে। ৩) একটি ক্ষতিপূরণ বন্ডে স্বাক্ষর করে ডেলিভারির পরে গাড়িটি তার নিজের নামে স্থানান্তরিত না হওয়া পর্যন্ত ক্রেতাকে দায়িত্ব নিতে হবে। ৪) **২০.১২.২০২৪ তারিখে ১৬:০০ ঘন্টা** বা তার আগে পর্যন্ত সুদ, খরচ এবং অন্যান্য চার্জ সহ সমগ্র বকেয়া পাওনা পরিশোধ করার জন্য এই নোটিশটি ঋণগ্রহীতা/তার আইনি উত্তরাধিকারীদের জন্যও প্রকাশিত হয়েছে। ৫) দরদাতা/ক্রেতা ই-অকশন পোর্টাল **https://ebkray.in** -এ নিবন্ধন করতে তার মোবাইল নম্বর এবং ইমেল আইডি কেওয়াইসি যাচাইকরণ ইবিক্রয়-এর মাধ্যমে অনলাইনে করা হবে। তাই দরদাতার প্রয়োজনীয় কেওয়াইসি নথি যাচাইকরণ আপলোড করতে ০২ কার্যদিবস সময় লাগতে পারে। ৬) বিক্রয়ের বিশদ নিয়ম ও শর্তাবলী সম্বলিত বিক্রয় বিজ্ঞপ্তিটি ই-নিলাম পোর্টাল **https://ebkray.in** -এ আপলোড করা হয়েছে।
**পরিদর্শনের তারিখ: ১৮.১২.২০২৪, ১৯.১২.২০২৪, ২০.১২.২০২৪ (সকাল ১০টা থেকে বিকাল ৪টা)**
**পরিদর্শনের জন্য যোগাযোগ করুন: ৮২৫০৯১৮৫৭৮ (ডেপুটি ব্রাঞ্চ ম্যানেজার) / ৭৬৭৯৩৩৫৩৪৪ (আরএ- সুজাতা অ্যাসেট ম্যানেজমেন্ট সার্ভিসেস প্রাইভেট লিমিটেড)**
**পরিদর্শনের স্থান: এসবিআই, মেদিনীপুর শাখা প্রেমিসেস**
এতদ্বারা ব্যাঙ্ক বা অনুমোদিত অফিসার কোন কারণ ব্যতীত যেকোন বা সমস্ত অফার প্রত্যাখ্যান করার অধিকার সংরক্ষণ করে।

**তারিখ : ১৩.১২.২০২৪** অনুমোদিত অফিসার
**স্থান : মেদিনীপুর** স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া



**ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র Bank of Maharashtra**
ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র
জোনাল অফিস : কলকাতা
৩ এন.এস. রোড, ম্যাকলিয়ড হাউস, ২য় তল, কলকাতা - ৭০০০০১
ফোন : ৯০৮৮১০৭৩৬২, ইমেল : dzmkolkata@mahabank.co.in

**[ রুল - ৮(১) ] দখল নোটিশ**

যেহেতু নিম্নস্বাক্ষরকারী ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র, অনুমোদিত অফিসার ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩ ধারার (১২) উপধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮ সংস্থান অধীনে সংশ্লিষ্ট অ্যাকাউন্ট অধীনে নিম্নোক্ত তারিখে নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ আদায়দানের জন্য এক দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতা/জামিনদাতা/বন্ধকদাতা সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা/জামিনদাতা/বন্ধকদাতার প্রতি বিশেষভাবে অবগত করা হচ্ছে উক্ত আইনের ১৩(৪) ধারা এবং উক্ত রুলসের রুল ৮ সংস্থান অধীনে নিম্নস্বাক্ষরকারী জামিনদত্ত সম্পত্তি/সমূহের স্বত্ব দখল করেছেন নিম্নোক্ত তারিখে সংশ্লিষ্ট অ্যাকাউন্ট অধীনে।
ঋণগ্রহীতা/জামিনদাতা/বন্ধকদাতাকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে কোনওভাবেই জামিনদত্ত সম্পত্তির লেনদেন না করতে এবং কোনওরূপ লেনদেন ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র নিকট নিম্নে উল্লিখিত বকেয়া আদায়দান সাপেক্ষ।

| ঋণগ্রহীতা এবং সহ-ঋণগ্রহীতা/জামিনদাতা/স্বত্বাধিকারী/বন্ধকদাতা/আইনি উত্তরাধিকারীগণ/শাখার নাম এবং ঠিকানা | সম্পত্তির বিস্তারিত | ক) দাবি নোটিশের তারিখ খ) দখলের তারিখ গ) দাবি নোটিশ অনুযায়ী দাবি পরিমাণ |
|---|---|---|
| **ঋণগ্রহীতা :** শ্রীমতি বেলা সিং খেলারে, স্বামী শ্রী হেমন্ত কুমার, **শাখা : খড়গপুর** | সংশ্লিষ্ট সকল অংশ জমির পরিমাণ আনুমানিক ০.১৩ একর এবং তদস্থিত ভবন পরিমাণ আনুমানিক ১১২৮.৯৩ বর্গফুট (বিল্ট আপ) ৪ রুম একটি তলে এবং সমুদয় ফিক্সচার সংযুক্ত অবস্থিত গ্রাম : বারগোপাল, জেএল নং ৪৭৫, খতিয়ান নং ৬৪০ (এলআর) এবং ৬৪১ (এলআর), প্লট নং ৬৫৪ , থানা : নারায়ণগড়, রেজিস্ট্রেশন জেলা : পশ্চিম মেদিনীপুর, সাব-জেলা : নারায়ণগড়, পিন : ৭২১৪৩৭, পশ্চিমবঙ্গ। সমপরিমাণ জামিন : নেই। **সারসাই আইডি : ২০০০৫৬৭৩৬৮২৬, চৌহদ্দি : উত্তরে** : রাস্তা, **পূর্বে :** কাঁচা রাস্তা, **পশ্চিমে :** দ্বিজমনি ভট্টাচার্য, **দক্ষিণে :** কাঁচা রাস্তা। | ক) ০৪.০৯.২০২৪ খ) ০৭.১২.২০২৪ গ) **১৩,৬৭,৮০৮ টাকা (তেরো লাখ সাতষট্টি হাজার আটশ আট টাকা)** |
| **ঋণগ্রহীতা :** শ্রী এস কে জালালউদ্দিন, শ্রীমতি জ্যোৎস্না বিবি এবং শ্রী শেখ সাউইব **শাখা : খড়গপুর** | সমপরিমাণ বন্ধকদাতা সংশ্লিষ্ট সকল অংশ বাস্তু জমি ০.০৩ একর এবং তদস্থিত বসবাসের ভবন পরিমাণ ৭৯৮ বর্গফুট (কার্পেট) প্লট নং ৭১, এলআর খতিয়ান নং ৯১৯, মৌজা : ধর্মীবা, সংশোধিত এলআর খতিয়ান নং ১২৮৯, জেএল নং ৩৫২, থানা : খড়গপুর, জেলা : মেদিনীপুর পশ্চিম, পশ্চিমবঙ্গ ৭২১৩০১, মালিক শ্রী এস কে জালালউদ্দিন, উল্লেখ্য দান দলিল নং ৯৪০৩/২০২২। **সেরসাই আইডি : ২০০০৬৯৩১৭১৬৪। চৌহদ্দি : উত্তরে :** শেখ ইয়ুমস এর জমি/সম্পত্তি, **পূর্বে :** শেখ ইয়ুমস এর জমি/সম্পত্তি, **পশ্চিমে :** ৮ ফুট গ্রামীণ সড়ক, **দক্ষিণে :** শেখ জামিরুদ্দিনের জমি/সম্পত্তি। | ক) ২৫.০৯.২০২৪ খ) ০৭.১২.২০২৪ গ) **১০,৪২,২৫৩ টাকা (দশ লাখ বিয়াল্লিশ হাজার দুশো তিপান্ন টাকা)** |

তারিখ : ০৭.১২.২০২৪, স্থান : কলকাতা — ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র'এর পক্ষে, অনুমোদিত অফিসার


# রিষড়ায় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার দু'টি টিমের একযোগে তল্লাশি



**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** বৃহস্পতিবার সকাল থেকে হুগলির রিষড়ায় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার দু'টি টিম একযোগে তল্লাশি চালায়। চিটফান্ড মামলায় হুগলির দু' জায়গায় ইডির হানা।

সূত্রের খবর, চিটফান্ড মামলার তদন্তেই এই তল্লাশি। বৃহস্পতিবার এনএস রোডের বিদ্যা অ্যাপার্টমেন্টের চার তলার একটি ফ্ল্যাটে কেন্দ্রীয় বাহিনীকে সঙ্গে নিয়ে তল্লাশি অভিযানে ঢোকেন ইডি আধিকারিকরা। এলাকা সূত্রে খবর, বিদ্যা অ্যাপার্টমেন্টের ওই ফ্ল্যাটটি এক ব্যবসায়ীর। অনেক দিন ধরেই পরিবার নিয়ে এখানে থাকেন তিনি। তবে তাঁর কীসের ব্যবসা, তা এলাকার লোকজন জানেন না। স্থানীয় সূত্রে খবর, এলাকার লোকজনের সঙ্গে খুব একটা মেলামেশাও করেন না তিনি। তাঁর আবাসনে তল্লাশি চলেছে। পাশাপাশি রিষড়া বাঙুর পার্ক এলাকায়ও এক ব্যবসায়ীর বাড়িতেই অভিযান চলছে ইডির। প্রায় ৪ ঘণ্টার ওপরে এই তল্লাশি অভিযান চলেছে।

অন্যদিকে, রিষড়ার বাঙুর পার্ক এলাকায়ও এক ব্যবসায়ীর বাড়িতে হানা দিয়েছেন ইডি আধিকারিকরা। রাজ্যে চিটফান্ড তদন্তে ফের সক্রিয় ইডি, এ বার হুগলির রিষড়ায় হানা। মনে করা হচ্ছে, এই অভিযানের পিছনেও চিটফান্ড তদন্ত রয়েছে। যদিও তা পুরোপুরি এখনও নিশ্চিত করা যায়নি। রিষড়ার বাঙুর পার্কে তল্লাশির ফাঁকেই এ দিন এক বার ওই ব্যবসায়ীর বাড়ি থেকে বেরিয়ে আসেন ইডির এক আধিকারিক। তল্লাশি নিয়ে প্রশ্ন করা হলে, তিনি কোনও জবাব দিতে চাননি। জানান, 'আমরা এখনই কিছু বলতে পারব না, তদন্ত চলছে।'


**এল&টি ফাইনান্স লিমিটেড**
(পূর্বে, এল&টি ফাইনান্স হোল্ডিংস লিমিটেড)
**রেজিস্টার্ড অফিস:** এল&টি ফাইনান্স লিমিটেড, বৃন্দবন বিল্ডিং, প্লট নং 177, কালিনা, সিএসটি রোড, মার্সিডিজ শোরুমের কাছে, সান্তাক্রুজ (পুর্ব), মুম্বাই 400 098
**CIN No.:** L67120MH2008PLC181833
**ব্রাঞ্চ অফিস:** কলকাতা

**L&T Finance**

**বন্ধকী সম্পত্তি বিক্রির জন্য পাবলিক অকশন**

সিকিউরিটিজাইসেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইনান্সিয়াল অ্যাসেট্স অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন, 2002 [54 OF 2002]-এর অধীনে এল&টি ফাইনানাস লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক এবং উক্ত আইনের প্রদত্ত ক্ষমতা প্রয়োগে নিম্নলিখিত সম্পত্তির অকশন করা হচ্ছে **"যেখানে যেমন ভিত্তিতে" এবং "যেখানে যেমন অবস্থায় আছে"** এমন অবস্থায় **"পাবলিক অকশন"** করা হচ্ছে যাতে এর বকেয়া অর্থ এবং পরবর্তী সুদ, চার্জেস এবং মূল্য ইত্যাদি পুনরুদ্ধার করা যায়।

| ঋণগ্রহণকারী এবং উপ-ঋণগ্রহণকারীর নাম | সুরক্ষিত সম্পত্তির ঠিকানা | লোন অ্যাকাউন্ট নম্বর (গুলি) | দখল নেওয়া | আর্নেস্ট মানি ডিপোজিট 10% বা আরপি-এর বেশি (টাকায়) | সর্বমোট বকেয়া আছে 06.12.2024 অনুসারে | রক্ষিত মূল্য (টাকায়) | ইনস্পেকশনের তারিখ | অকশনের তারিখ এবং সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1. মেসার্স ঋষি এন্টারপ্রাইস (ইহার ডাইরেক্টর্স/স্বত্বাধিকারী জীতাঞ্জলি মিশ্র মাধ্যমে) 2. জীতাঞ্জলি মিশ্র 3. উমেশ মিশ্র | সমস্ত খণ্ড ও অংশের সম্পত্তির ঠিকানা : হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন, পশ্চিমবঙ্গ 711204'র চৌহদ্দির মধ্যেই পরিসর নং 40, অভয় গুহ রোড, থানা – বেলুড়, পুরাতন রূপে বালি, জেলা – হাওড়া, ওয়ার্ড নং 25, হওয়া জে.এল. নং 16, আর.এস. দাগ নং 2900 এবং 2901, এল.আর. দাগ নং 3115, 3117, খতিয়ান নং 1329 (পুরনো 1098), হোল্ডিং নং 40 (বিএল–6–এ) সম্বলিত বালি (এম) মৌজা – বারাকপুরে থাকা ও অবস্থিত 8 কাঠা, 3 ছটাক ও 29 বর্গফুট পরিমাপের জমির অবিভক্ত অনুপাতিক ভাগীদার যুক্ত একত্রে 1036 বর্গফুটের সুপার বিল্ডআপ এরিয়া থাকা, ইমারতের, 6ষ্ঠ ফ্লোরে ফ্ল্যাট নং 6–এ। সীমানা: পূর্ব – বিল্ডিংয়ের কমন জায়গা (উন্মুক্ত আকাশ); পশ্চিম – কমন লবি এবং ফ্ল্যাট নং 6–বি; উত্তর – পিছনের কমন জায়গা (উন্মুক্ত আকাশ); দক্ষিণ – সিঁড়ি এবং ফ্ল্যাট নং 6–বি | H1729922 06211121 46 / KOLHL20 000003 | 13-09-2024 | টাঃ 2,69,360/- | টাঃ 53,28,420.20/- | টাঃ 26,93,600/- | আগাম অ্যাপয়েন্টমেন্ট সহ সকল কাজের দিনে সকাল 10টা থেকে বিকেল 5:30 পর্যন্ত | 17.01.2025 বেলা 12টা থেকে দুপুর 2টো পর্যন্ত |

**পাবলিক অকশনের নিয়ম এবং শর্তাবলি**

1. ই-অকশন সেল পরিচালিত হবে অনলাইনে অনুমোদিত আধিকারিক দ্বারা উক্ত ওয়েবসাইটের মাধ্যমে https://sarfaesi.auctiontiger.net/EPROC/ - এ SARFAESI আইনের বধীনের অধ নে সাহায্যের সাথে এবং পাবলিক ই-অকশনের মোডে।
2. পাবলিক ই-অকশনটি পরিচালিত হবে উপরে উল্লেখিত তারিখ এবং সময় অনুসারে, যখন উপরে উল্লেখিত সম্পত্তিটি বিক্রি হবে **"যেখানে যেমন ভিত্তিতে" এবং "যেখানে যেমন অবস্থায় আছে"** এমন অবস্থায়।
3. পাবলিক ই-অকশনে অংশগ্রহণে, আগ্রহী ক্রেতা / দরদাতাদের উক্ত সুরক্ষিত সম্পত্তির সংরক্ষিত মূল্যের ফেরতযোগ্য আর্নেস্ট মানি ডিপোজিটের 10% পেমেন্টের বিস্তারিত বিবরণের কপি জমা করতে হবে, সেই সঙ্গে প্যানকার্ডের কপি, কোম্পানির হলে বোর্ড রিসোলিউশন্স এবং ঠিকানার প্রমাণপত্র **16/01/2025**-এর মধ্যে জমা করতে হবে।
4. সমস্ত অন্যান্য ইএমডি দরদাতা যাঁরা পাবলিক ই-অকশনে সাফল্য লাভ করবেন না তাঁরা এল অ্যান্ড টি ফাইনান্স-এর থেকে 7 দিনের মধ্যে টাকা ফেরত পাবেন পাবলিক ই-অকশন বন্ধ হওয়ার পরে। ইএমডি কোনও সুদ প্রদান করবে না।
5. সাফল্যমন্ডিত ক্রেতা / দরদাতাকে 25% ডিপোজিট টাকা জমা দিতে হবে (ইএমডি সহ) তাঁর প্রাপ্ত অফার পাওয়ার জন্য ডি.ডি. / পি.ও. "এল&টি ফাইনান্স লিমিটেড"-এর নামে যা প্রদান করতে হবে মুম্বাইতে যা **17/01/2025**-তারিখের 18:00 ঘণ্টার মধ্যে বা আগে, ই-অকশন-এর দিন বা পরবর্তী কাজের দিনে যা হল **18/01/2025**, যার ডিপোজিট প্রাপ্তি নির্দিষ্ট করবে এল&টি ফাইনান্স লিমিটড, বিক্রি ব্যর্থ হলে তা ব্যর্থ বলে গণ্য করা হবে এবং সাফল্যমন্ডিত দরদাতার ইএমডি বাজেয়াপ্ত করা হবে। ব্যালেন্স অ্যামাউন্ট যা হল ক্রয় মূল্যের 75% প্রদান করতে হবে ক্রেতাকে এল&টি ফাইনান্স লিমিটেড-কে স্থাবর সম্পত্তির বিক্রির নিশ্চিতকরণের পনেরো দিনের আগে বা বর্তমান আইন অনসারে বর্ধিত সময়কালে।
6. সম্পত্তির পরিদর্শন বা অধিক তথ্যের জন্যে, সম্ভাব্য নিলাম ডাকা পক্ষগণ যোগাযোগ করতে পারেন অনুমোদিত আধিকারিকের সঙ্গে, অর্থাৎ, **নাম – শ্রী অশেষ সাহা, যোগাযোগ নং : 9800868054 এবং সন্তোষ তিওয়ারি, যোগাযোগ নং 9920490126, এল&টি ফিন্যান্স লিঃ, কার্যালয় : 6ষ্ঠ তল, বৃন্দাবন বিল্ডিং, প্লট নং 177, কালিনা, সি.এস.টি রোড, মার্সিডিজ শোরুমের নিকটে, সান্তাক্রুজ (পূর্ব), মুম্বই – 400 098.** ই–অকশনের যেকোন পর্যায়ে, অনুমোদিত আধিকারিক উহার কোনও কারণ না দর্শিয়ে এবং কোনও আগাম বিজ্ঞপ্তি ছাড়াই বিড/অফার গ্রহণ/খারিজ/কিছুটা পরিবর্তন/বাতিল করতে বা মুলতবি রাখতে পারেন।
7. সফল ক্রেতা বা নিলামকারী বহন করবেন যে-কোনও বিধিবদ্ধ বকেয়া, ট্যাক্সেস, প্রদানযোগ্য ফীজ, স্ট্যাম্প ডিউটি, রেজিস্ট্রেশন ফীজ ইত্যাদি যা তাঁকে প্রদান করতে হবে সম্পত্তি পাওয়ার জন্য বা তাঁর নামে নিষ্কৃত করার জন্য প্রযোজ্য আইন অনুসারে।
8. ঋণগ্রহণকারী বা গ্যারেন্টার্স, যাঁরা উক্ত বকেয়ার জন্য দায়বদ্ধ, তাঁরা এই সেল নোটিশকে একটা নোটিশ বা বিজ্ঞপ্তি বলে গ্রহণ করবেন সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস-এর অনুসারে রুলস 8 (6)-এর অধীনে, উপরে উল্লেখিত পাবলিক ই-অকশনটি ধারণ করার ক্ষেত্রে।
9. ঋণগ্রহণকারী(গণ) / উপ-ঋণগ্রহণকারী(গণ) / গ্যারেন্টার(গণ) / মর্টগেজার বা বন্ধকদাতাদের আহ্বান জানানো হচ্ছে সমগ্র বকেয়া লোন বা ঋণ অ্যামাউন্টটি প্রদান করতে উপরে উল্লেখিত ই-অকশনের তারিখের আগে তা না হলে এল&টি ফাইনান্স লিমিটেড এই সম্পত্তি বিক্রি করার অধিকারী হবেন এসএআরএফএইএসআই-এর আইন, 2002-এর নির্ধারিত বিধান অনুসারে।
10. ঋণগ্রহণকারী(গণ) / উপ-ঋণগ্রহণকারী(গণ) / গ্যারেন্টার(গণ) / মর্টগেজার(গণ) / জনগণক এতৎদ্বারা সংযত থাকতে বলা হচ্ছে বিক্রি, সেল, লীজ থেকে, অন্যথায় নোটিশ বা ঘোষণায় যে সুরক্ষিত সম্পত্তির উল্লেখ করা হয়েছে এল&টি ফাইনান্স লিমিটেড-এর পূর্ব লিখিত সম্মতি ব্যাতীত।

**Date:** 13.12.2024
**Place:** Kolkata

Sd/-
**Authorized Officer**
For L&T Finance Limited



**IDBI BANK**
আইডিবিআই ব্যাঙ্ক লি., রিটেল রিকভারি ডিপার্টমেন্ট
৪৪, শেক্সপিয়র সরণি, ৩য় তল, কলকাতা - ৭০০ ০১৭
ফোন নং : ০৩৩-৬৬৫৫৭৭৬৬/৭৪৬ ওয়েবসাইট : www.idbibank.in
CIN : L65190MH2004G01148838

**ই-নিলাম তথা বিক্রয়ের জন্য সাধারণ বিজ্ঞপ্তি**

**২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রকাশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস এন্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন তৎসহ ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৯(১) সংস্থান অধীনে স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য ই-নিলাম বিক্রয় নোটিশ**

এতদ্বারা সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতাগণ এবং জামিনদাতাগণকে বিশেষভাবে অবগত করা হচ্ছে জামিন অধীনে ঋণদাতার নিকট বন্ধকদত্ত/দায়বদ্ধ নিম্নোক্ত স্থাবর সম্পত্তি জামিন অধীনে ঋণদাতার অনুমোদিত অফিসার কর্তৃক স্বত্ব দখলীকৃত **৩০.১২.২০২৪** তারিখে বিক্রি করা হবে 'যেখানে যেমন আছে', যেখানে যা আছে' এবং 'যেখানে যে অবস্থায় আছে' এবং 'কোনও পরিবর্ত ভিত্তি ব্যতীত ভিত্তিতে

| ক্রম নং | ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতার নাম এবং অ্যাকাউন্ট নং | ক) দাবি নোটিশের তারিখ খ) নিম্নোক্ত পরিমাণ | জামিনদত্ত সম্পদের বিস্তারিত | ১. দখলের তারিখ ২. দখলের ধরন | ১. সংরক্ষিত মূল্য ২. ইএমডি পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১ | **মহ ইউনুস মন্ডল (ঋণগ্রহীতা) এবং শ্রীমতি আচিয়া বিবি (সহ ঋণগ্রহীতা) বন্ধকী ঋণ (ল্যান : ০৭০২৬৭৫১০০০২৩০৪৭), সিইসিএল লোন (ল্যান : ০৭০২৬৭৫১০০০২৮১৪৯) এবং বিমা কিস্তি ঋণ (ল্যান : ০৭০২৬৭৫১০০০২৩৬১২)** | **ক) ১৬.০৭.২০২২ খ) ২২,৫০,৯৯৩.৩৪/- (বাইশ লাখ পঞ্চাশ হাজার নশো তিরানব্বই টাকা এবং চৌত্রিশ পয়সা) ১০.০১.২০২২ অনুযায়ী** | স্বত্ব দলিল (বন্ধকদত্ত সম্পত্তি) : সংশ্লিষ্ট সকল অংশ জমি এবং তদস্থিত দোতলা ভবন অবস্থিত সিরিকা, পো : হিসাবী, থানা : আমডাঙ্গা, জেএল নং ২৮, আরএস দাগ নং ১৭৩২, এলআর খতিয়ান নং ২১১৭, চণ্ডীগড় গ্রাম পঞ্চায়েত অধীন,জেলা : উত্তর ২৪ পরগনা, পিন : ৭৪৩২২১,তদস্থিত নির্মাণ জমির পরিমাণ আনুমানিক ০২ শতক কমবেশি অবস্থিত মৌজা : সিকিরা, জেএল নং ২৮ , তৌজি নং ১৩, খতিয়ান নং ৯৮০, দাগ নং ১৭৩২ এবং ১৭৩৪, থানা : আমডাঙ্গা, জেলা : উত্তর ২৪ পরগনা। | **ক) ২১.১১.২০২২ খ) স্বত্ব দখলীকৃত** | **১. ১০,৩৯,০০০ টাকা ২. ১,০৩,৯০০ টাকা** |

**নথিতে উল্লিখিত নিয়ম এবং শর্তাদির সংক্ষিপ্ত :**
১. বিক্রয় ই-নিলাম প্ল্যাটফর্ম ওয়েবসাইট https://www.bankeauctionwizard.com মাধ্যমে নিলাম পরিষেবা প্রদায়ক সংস্থা অন্তরেস সিস্টেমস লিমিটেড, 'হঙ্গনাসু' হ্যাস১৩৭/৩, ব্যাঙ্গালোর মহীশূর রোড, মেট্রো খুঁটি পি-৬৯৬ বিপরীতে, কেঙ্গেরী, ব্যাঙ্গালোর : ৫৬০০৬০ কর্তৃক সম্পাদিত হবে।
২. টেন্ডার নথি পাওয়া যাবে কলকাতা জোনাল অফিস, ৪৪, শেক্সপিয়ার সরণি, কলকাতা ৭০০০১৭থেকে যেকোনও কাজের দিন (সকাল ১১ টা থেকে বিকেল ৪ টার মধ্যে এবং ওয়েবসাইট www.idbibank.in এবং https://www.bankeauctionwizard.com ২৭.১২.২০২৪ পর্যন্ত -অনুমোদিত অফিসার শ্রী উদয় কুমার তিওয়ারি- মহ ইউনুস মন্ডলের পক্ষে- এর কাছ থেকে।
৩. উক্ত সম্পত্তিতে জ্ঞাত তথ্য অনুযায়ী কোনও দখলদারি নেই।
৪. ২০০২ সালের সারফেসি আইন সংশোধনী মতে অনুযায়ী রুল ৯(১) সংস্থান অধীনে বিধিবদ্ধ বিক্রয় নোটিশ ঋণগ্রহীতা/জামিনদাতা/বন্ধকদাতাগণের উদ্দেশ্যেও প্রকাশিত।
৫. আরও বিস্তারিত এবং সাধারণ নিয়ম এবং শর্তাদি সম্পর্কে ব্যাঙ্কের ওয়েবসাইট [www.idbibank.in] এবং উল্লিখিত শাখার আধিকারিকগণ এর সঙ্গে যোগাযোগ এবং টেন্ডার নথি দেখতে পারেন।
৬. অনুমোদিত অফিসার কোনও কারণ না দেখিয়েই যোকোনও বা সকল টেন্ডার গ্রহণ বা বাতিলের অধিকার রাখেন বা নিলাম প্রক্রিয়া বাতিল করতে পারেন।

**তারিখ : ১৩.১২.২০২৪** স্বা/-
**স্থান : কলকাতা** অনুমোদিত অফিসার, আইডিবিআই ব্যাঙ্ক লি.